অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/8/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল হ্যাস্টিংস-অন-হাডসনের র্যা ভেন্সডেল রোড ব্রিজ প্রতিস্থাপনের 19.45 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পটির কাজ শেষ হওয়ার ঘোষণা দিলেন

স মিল রিভার পার্কওয়ের উপরের নতুন স্প্যান রিভারফ্রন্ট গ্রামের মুখ্য অ্যাক্সেস রুটের নিরাপত্তা ও চলাচল উন্নত করে

জনপ্রিয় সাউথ কাউন্টি ট্রেইলওয়ের পথচারী এবং বাইসাইকেল চলার সুযোগ সম্প্রসারিত করে

সম্পূর্ণ করা প্রকল্পসমূহের ছবিগুলি এখানে পাওয়া যাবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে ওয়েস্টচেস্টার কাউন্টির হ্যাস্টিংস-অন-হাডসন গ্রামের স মিল রিভার পার্কওয়ের (Saw Mill River Parkway) উপরস্থ র্যা ভেন্সডেল রোড ব্রিজ প্রতিস্থাপনের (Ravensdale Road Bridge) 19.45 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পটির কাজ শেষ হয়েছে। নতুন ব্রিজটি যাতায়াত উন্নত করবে এবং গ্রামটি ও স মিল রিভার পার্কওয়ের পূর্বের ওয়েস্টচেস্টার সম্প্রদায়সমূহের মধ্যকার অত্যাবশ্যকীয় সংযোগ সংলগ্ন নিরাপত্তা ও স্থিতিস্থাপকতা বৃদ্ধি করবে। এছাড়াও প্রকল্পটি জনপ্রিয় সাউথ কাউন্টি ট্রেইলওয়েতে (South County Trailway) পথচারী ও বাইসাইকেল ব্যবহার করার নতুন ও উন্নত সুযোগ প্রদান করে, ট্রেইলওয়েটিও স্প্যানটির নিচে অবস্থিত।

"আমাদের পরিবহন নেটওয়ার্কের আধুনিকায়নের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট সকল ধরনের যাত্রার ব্যবস্থাকে সমর্থন করতে পারবে, আমাদের পরিবেশ রক্ষা করতে পারবে এবং সম্প্রদায়সমূহকে প্রবৃদ্ধি ও সমৃদ্ধির জন্য প্রয়োজনীয় সংস্থান প্রদান করতে পারবে," **গভর্নর হোকল বলেন।** "প্রকল্পটি নিশ্চিত করবে যে হ্যাস্টিংস-অন-হাডসন গ্রামের একটি অতি গুরুত্বপূর্ণ রাস্তা যাতে আগামী বহু বছরের জন্য খোলা ও ব্যবহারের উপযোগী থাকে এবং একই সাথে বাইসাইকেল চালক ও পথচারীদের জন্য বিনোদনের নতুন সুযোগ প্রদান করবে।"

র্যা ভেন্সডেল রোড ব্রিজটি গ্রামটির মধ্যে স মিল রিভার পার্কওয়ে পার হওয়ার একমাত্র পারাপার। 2020 সালের বসন্তে শুরু হওয়া প্রকল্পটি 1945 সালে নির্মিত মূল দুই-স্প্যানের কাঠামোটিকে একটি নতুন, একক স্প্যানের ব্রিজ দ্বারা প্রতিস্থাপিত করে যেখানে প্রতি পাশে ছয় ফুট শোল্ডার এবং পাঁচ ফুট সাইডওয়াক আছে যাতে পথচারী ও বাইসাইকেল চালকদের আরো

ভালো স্থান প্রদান করা যায়। এছাড়াও নতুন ব্রিজটিতে থাকবে একটি কংক্রিট প্রতিবন্ধক, সজ্জিত রেলিং এবং শোভাবর্ধক ব্রিজের বাতি, যার সুপারিশ সম্প্রদায়টি করেছিলো।

প্রকল্পটির একটি অংশ হিসেবে, স্টেটের পরিবহন ডিপার্টমেন্ট (State Department of Transportation, DOT) এছাড়াও র্যা ভেন্সডেল রোড ব্রিজের ঠিক উত্তরের একটি পরিত্যক্ত ব্রিজকে পুনর্বাসিত করেছে এবং এটিকে গ্রামটি ও সাউথ কাউন্টি ট্রেইলওয়ের মধ্যকার প্রথম, সরাসরি সংযোগ তৈরি করতে ব্যবহার করেছে। পুনর্বাসিত ব্রিজটি এখন একটি নতুন, 900 ফুট লম্বা অ্যাক্সেস পথের অংশ যা ট্রেইলওয়েকে র্যা ভেন্সডেল রোড/জ্যাকসন অ্যাভিনিউ (ackson Avenue) থেকে স্টেট রুট 9A (স মিল রিভার রোড) ইন্টারসেকশন পর্যন্ত সংযুক্ত করে।

সাউথ কাউন্টি ট্রেইলওয়েটি ইয়োঙ্কার্স ও গ্রিনবার্গের মধ্যে ওয়েস্টচেস্টারের মধ্য দিয়ে যায়, এটি ভ্যান কোর্টল্যান্ড পার্ক (Van Cortlandt Park) এবং ট্যারিটাউন লেকস পার্ককে (Tarrytown Lakes Park) সংযুক্ত করে। এটি একটি চার-ট্রেইল সিস্টেমের অংশ যেখানে রয়েছে দক্ষিণ পর্যন্ত ওল্ড পাটন্যাম ট্রেইল (Old Putnam Trail) এবং উত্তর পর্যন্ত নর্থ কান্ট্রি ট্রেইলওয়ে (North County Trailway) এবং পাটন্যাম ট্রেইলওয়ে (Putnam Trailway)। তারা একত্রে একটি পুরনো রেলরোড করিডোরের সংলগ্ন প্রায় 45 মাইল রাস্তা বহির্ভূত যাতায়াতের ব্যবস্থা করে।

এছাড়াও পরিবেশ রক্ষার্থে এবং র্যা ভেন্সডেল রোড সংলগ্ন এলাকায় বন্যা ঠেকাতে সাহায্য করার জন্য একটি নতুন ড্রেনেজ ব্যবস্থাও নির্মাণ করা হয়েছে। বন্যা, ভূমিক্ষয় এবং বৃষ্টির সময়কার দূষণ হ্রাস করতে একটি ঝড়ের পানির পুকুরও বানানো হয়েছে। আনুমানিক 100 পাতাঝরা গাছ, গুল্ম এবং বৃক্ষসহ নতুন ল্যান্ডস্কেপিং যুক্ত করা হয়েছে এবং এলাকার বাসিন্দাদের রাস্তার পাশের কোলাহল থেকে রাখা করতে সাহায্য করার জন্য একটি ল্যান্ডস্কেপ করা বার্মও নির্মাণ করা হয়েছে।

প্রকল্পের পরিবেশগত প্রভাব হ্রাস করতে নির্মাণের সময় একাধিক রিসাইকেল কৌশল ব্যবহার করা হয়েছে যেমন দানাদার উপাদানগুলিকে দেওয়ালের জন্য এবং প্রকল্পের মধ্যস্থ অন্যান্য প্রয়োজনে পুনরায় ব্যবহার করা। এছাড়া পুরনো ব্রিজের কংক্রিট ওয়েস্টচেস্টার কাউন্টির অন্য একটি প্রকল্পের একটি র্যা ম্প নির্মাণে ব্যবহার করা হয়েছিলো।

স্টেট পরিবহন ডিপার্টমেন্টের কমিশনার ম্যারি টেরেস ডমিঙ্গেজ বলেন, "এই প্রকল্পটির কাজ শেষ হওয়া হ্যাস্টিংস-অন-হাডসন গ্রামের জন্য একটি বিশাল অগ্রগামী ধাপ এবং এটি স্থানীয় সম্প্রদায়গুলির সাথে নিউ ইয়র্ক স্টেট পরিবহন ডিপার্টমেন্টের একত্রে কাজ করার প্রতিশ্রুতির উদাহরণস্বরূপ যাতে আমরা আমাদের বয়িষ্ণু অবকাঠামো পুনরায় গঠন করার সময় তা আরো ভালোভাবে পুনর্গঠন করতে পারি এবং এমন আধুনিক পরিবহন ব্যবস্থা তৈরি করতে পারি যা সকল ধরনের যাতায়াতের জন্য আরো স্থিতিস্থাপক এবং লাভজনক।
র্যা ভেন্সডেল রোড সংলগ্ন নতুন ব্রিজটি নিশ্চিত করবে যাতে গ্রামটি পর্যন্ত একটি মুখ্য অ্যাক্সেস রোড আগামী বহু বছরের জন্য খোলা থাকে এবং একইসাথে একটি জনপ্রিয় স্থানীয় ট্রেইল সিস্টেমের সাথে উন্নত সংযোগ প্রদান করে যার ফলে পথচারী, হাইকার ও বাইসাইকেল চালকদের জন্য সুযোগ সম্প্রসারিত হয়।"

সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন, "গ্রীষ্ম মৌসুমের শুরুতেই নতুন এই ব্রিজটির কাজ শেষ হওয়ার ফলে পরিবারগুলি পথচারী এবং বাইসাইকেল চালানোর জন্য একটি নিরাপদ স্থান পাবে এবং একইসাথে সম্প্রদায়সমূহকে সংযুক্ত করবে এবং আশেপাশের এলাকার ব্যবসাসমূহকে সমর্থন করবে। হ্যাস্টিংস-অন-হাডসন এবং ওয়েস্টচেস্টার কাউন্টির জন্য অতি গুরুত্বপূর্ণ এই বিনিয়োগ নিশ্চিত করতে যেই কাজ করা হয়েছে তা নিয়ে আমি গর্বিত এবং এই প্রকল্পের তহবিল নিশ্চিত করার কাজে সাহায্য করতে পেরে আনন্দিত। এটি এমন একটি বিনিয়োগ যা আমাদের সম্প্রদায় আগামী অনেক দশক ধরে উপভোগ করবে। আমি স্থানীয় এমন অবকাঠামো প্রকল্পসমূহের জন্য কাজ করে যাবো যা আমাদের জেলাকে সমৃদ্ধ করবে।"

অ্যাসেম্বলি সদস্য টমাস আবিনাটি বলেন, "আমি গভর্নর ক্যাথি হোকলের নেতৃত্বে আমাদের রাস্তা ও ব্রিজ পুনর্গঠন করার দলের অংশ হতে পেরে গর্বিত। নতুন র্যা ভেন্সডেল রোড ব্রিজটি সম্প্রদায়সমূহকে সংযুক্ত করার জন্য একটি আদর্শ। এটি একটি আধুনিক যথাযথভাবে নকশা করা কাঠামো যা নিরাপত্তা বৃদ্ধি করে এবং সাউথ কাউন্টি ট্রেইলওয়েতে পথচারী ও বাইসাইকেলে চালানোর সুযোগ বৃদ্ধি করে। এটি 19.45 মিলিয়ন মার্কিন ডলার ভালোভাবে ব্যয় করার নিদর্শন।"

ওয়েস্টচেস্টার কাউন্টি নির্বাহী জর্জ ল্যাটিমার বলেন, "ওয়েস্টচেস্টার কাউন্টির সকল আকর্ষণ পর্যন্ত নিরাপদ যাতায়াতের ব্যবস্থা নিশ্চিত করা এবং একইসাথে সম্প্রদায়গুলির মধ্যে সংযোগ তৈরি বা পুনরায় স্থাপন করা বাসিন্দা ও দর্শনার্থী উভয়ের জন্য প্রধান গুরুত্বের বিষয়। গভর্নর হোকল এবং তার প্রশাসনের কল্যাণে হ্যাস্টিংস, আর্ডসলি এবং গ্রিনবার্গের মধ্যকার গুরুত্বপূর্ণ সংযোগ ব্রিজটির কাজ শেষ হওয়ার ফলে এই সকল লক্ষ্য অর্জিত হয়েছে। পাশাপাশি, যখন আমরা সাউথ কাউন্টি ট্রেইলওয়েকে এতো ভালোভাবে ব্যবহৃত হতে দেখছি তাই অত্যাবশ্যকীয় এই সংযোজকটির কাজ শেষ হতে দেখা একটি স্বাগত সংবাদ।"

গ্রিনবার্গ টাউনের সুপারভাইজার পল ফেইনার বলেন, "আমি র্যা ভেন্সডেল রোড প্রতিস্থাপন করার জন্য NYS DOT, গভর্নর এবং আমাদের স্টেটের আইনপ্রণেতাদের ধন্যবাদ জানাতে চাই। এটি একটি গুরুত্বপূর্ণ ব্রিজ যা হ্যাস্টিংসকে অসংগঠিত গ্রিনবার্গের সাথে যুক্ত করে এবং ওয়েস্টচেস্টার বাসিন্দাদের স মিল রিভার পার্কওয়ের পূর্বে যাওয়ার জন্য একটি গুরুত্বপূর্ণ সংযোগ প্রদান করে। আমি একজন নিয়মিত সাইকেল চালক হিসেবে সাউন্ট কাউন্টি ট্রেইল থেকে র্যা ভেন্সডেল ব্রিজ পর্যন্ত অ্যাক্সেসটি উপভোগ করি। নির্মাণের পূর্বে আমি ধারণা করেছিলাম নির্মাণকাজটি বহু অভিযোগসহ দুঃস্বপ্নের মতো হবে। কিন্তু নির্মাণ প্রক্রিয়া চলার সময় বাসিন্দাদের থেকে খুব কম অভিযোগ জেলসহ এবং ব্রিজটি এবং ট্রেইলের লিঙ্কটি ব্যবহারকারী যাদের সাথে আমি কথা বলি তাদের প্রায় সবাই এই অবকাঠামোর উন্নয়ন পছন্দ করেছে। কাঠামোগত সমস্যা থাকে পুরনো ব্রিজকে নতুন ব্রিজ দিয়ে প্রতিস্থাপন করা গুরুত্বপূর্ণ। NYS-কে অনেক বড় ধন্যবাদ সক্রিয় থেকে গুরুত্বপূর্ণ এই ব্রিজকে পুনর্গঠন করার জন্য।"

মোটরচালকদের মনে করিয়ে দেওয়া হচ্ছে যে, যখনই কাজের জোনে রক্ষণাবেক্ষণ বা নির্মাণ যানবাহনসহ রাস্তার পাশে যেকোনও যানবাহনকে লাল, সাদা, নীল, কমলা বা সবুজ আলো

জ্বালাতে দেখবেন, তখন যদি নিরাপদে সম্ভব হয় তাহলে এক লেন সরে যান বা উল্লেখযোগ্য পরিমাণ গতি কমিয়ে দিন।

মোটরচালকদের ওয়ার্ক জোনে ধীর গতিতে এবং দায়িত্বশীলভাবে গাড়ি চালানোর আহ্বান জানানো হয়েছে। কাজের অঞ্চলে গতিসীমা অতিক্রম করলে তার জরিমানা দ্বিগুণ হয়। কোনো ওয়ার্ক জোনে দুই বা ততোধিক বার মাত্রাতিরিক্ত গতিতে গাড়ি চালানোর জন্য দোষী সাব্যস্ত হওয়া একজন ব্যক্তির ড্রাইভিং লাইসেন্স স্থগিত করা হতে পারে।

হালনাগাদকৃত ভ্রমণের তথ্যের জন্য কল করুন 511 নম্বরে, www.511NY.org এ যান অথবা বিনামূল্যের 511NY মোবাইল অ্যাপ ডাউনলোড করুন।

টুইটারে (Twitter) নিউ ইয়র্ক স্টেট DOT অনুসরণ করুন: @NYSDOT এবং @NYSDOTHV। ফেসবুকে NYSDOT খুঁজে পাবেন এই ঠিকানায় facebook.com/NYSDOT।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418